**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, বৃহস্পতিবার ২৭ আগস্ট ২০১৫, ১২ ভাদ্র ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সন্ত্রাসী ও জঙ্গিদের ধর্ম নেই, দেশ নেই : প্রধানমন্ত্রী
পোশাক শিল্পে সহায়তা দিতে যুক্তরাষ্ট্র প্রতিশ্রুতিবদ্ধ : বার্নিকাট

২। আর কোনো শিল্প কারখানা বেসরকারি করা হবে না : প্রধানমন্ত্রী

৩। নদী তীরে অবৈধ ধর্মীয় স্থাপনা স্থানান্তর ও অপসারণে কমিটি

৪। চীনের সহায়তায় হবে আরো দুই মৈত্রী সেতু

৫। নিষিদ্ধ ওষুধ বাজারে পাওয়া গেলে কঠোর ব্যবস্থা

৬। তথ্যপ্রযুক্তি আইনের ৫৭ ধারা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট

৭। চিনি আমদানিতে ২০ শতাংশ সংরক্ষণমূলক শুল্ক আরোপ

৮। বুড়িগঙ্গার পুরাতন চ্যানেলের জরিপ প্রতিবেদন দাখিলে হাইকোর্টের নির্দেশ

৯। সুন্দরবনে নদী-খালে বিষ দিয়ে মাছ শিকার : হুমকির মুখে বন্যপ্রাণী

১০। হজভিসা পেয়েছেন ৮০ হাজার বাংলাদেশি

১১। বিজিবি ক্যাম্পে 'আরাকান আর্মি'র হামলা, গোলাগুলি
: নায়েক গুলিবিদ্ধ, বান্দরবান সীমান্তে যৌথ অভিযান

১২। বিভিন্ন স্থানে বন্যা পরিস্থিতির অবনতি : পানিবন্দি মানুষের দুর্ভোগ চরমে

চলমান পাতা/২

১। সন্ত্রাসী ও জঙ্গিদের ধর্ম নেই, দেশ নেই : প্রধানমন্ত্রী

পোশাক শিল্পে সহায়তা দিতে যুক্তরাষ্ট্র প্রতিশ্রুতিবদ্ধ : বার্নিকাট

তৈরি পোশাক শিল্পের উন্নয়নে বাংলাদেশকে সহায়তা দিতে মার্কিন যুক্তরাষ্ট্র প্রতিশ্রুতিবদ্ধ। গতকাল ২৬ আগস্ট বুধবার সকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎকালে মার্কিন রাষ্ট্রদূত মার্শা স্টিফেনস ব্লুম বার্নিকাট এ কথা বলেন। বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সন্ত্রাসবাদ ও জঙ্গিবাদ সম্পর্কে তাঁর বক্তব্য পুনরুল্লেখ করে বলেন, সন্ত্রাসী ও জঙ্গিদের কোনো ধর্ম ও দেশ নেই। তিনি বলেন, আমি নিজে সন্ত্রাসবাদের শিকার এবং বাংলাদেশের জনগণকে এ জন্য অনেক ভুগতে হয়েছে। মানবজাতিকে সন্ত্রাসবাদ ও জঙ্গিবাদ থেকে রক্ষা করতেই হবে। সাক্ষাৎ শেষে প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম সাংবাদিকদের ব্রিফ করেন। সূত্র- ইত্তেফাক (পৃ.১,ক.৮), প্রথম আলো (পৃ.১,ক.৮), জনকণ্ঠ (পৃ.১,ক.৬), ইন্ডিপেনডেন্ট (পৃ.২,ক.২), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.৫)।

২। আর কোনো শিল্প কারখানা বেসরকারি করা হবে না : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারি খাতের বন্ধ শিল্পের জমির যথাযথ ব্যবহার নিশ্চিত করার প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করে বলেছেন, দেশে আর কোনো সরকারি শিল্পকারখানা বেসরকারি করা হবে না। প্রধানমন্ত্রীর কার্যালয়ে গতকাল ২৬ আগস্ট বুধবার দুপুরে তাঁর সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় শিল্প উন্নয়ন কাউন্সিলের (এনআইসিডি) দ্বিতীয় সভায় তিনি এ কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.২,ক.৭), সংবাদ (শেষ পৃ.,ক.১), ইনকিলাব (শেষ পৃ.,ক.১),ডেইলি সান (পৃ.১,ক.৫)।

৩। নদী তীরে অবৈধ ধর্মীয় স্থাপনা স্থানান্তর ও অপসারণে কমিটি

নদীর তীর থেকে অবৈধ ধর্মীয় স্থাপনা স্থানান্তর ও অপসারণের উদ্যোগ নিয়েছে সরকার। এজন্য সুপারিশ দিতে নৌপরিবহণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব নাসির আরিফ মাহমুদকে প্রধান করে কমিটি গঠন করা হয়েছে। কমিটি সরেজমিনে তদন্ত করে এক মাসের মধ্যে প্রতিবেদন দেবে। ইনোসেন্টলি (নাবুঝে)-না দখলের উদ্দেশ্যে ধর্মীয় প্রতিষ্ঠান করা হয়েছে কি না কমিটি তা বিবেচনায় নেবে। তাদের প্রতিবেদন অনুযায়ী ধর্মীয় স্থাপনাগুলো স্থানান্তর বা অপসারণ করা হবে। গতকাল ২৬ আগস্ট বুধবার সচিবালয়ে নদীর নাব্যতা ও স্বাভাবিক গতিপ্রবাহ অব্যাহত রাখা সংক্রান্ত টাস্কফোর্সের সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সভা শেষে নৌপরিবহণমন্ত্রী ও টাস্কফোর্সের সভাপতি শাজাহান খান এ তথ্য সাংবাদিকদের জানান। সূত্র-ইনকিলাব (পৃ.১,ক.৭), ইত্তেফাক (পৃ.৩,ক.১), অবজারভার (শেষ পৃ.,ক.৫), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৭)।

৪। চীনের সহায়তায় হবে আরো দুই মৈত্রী সেতু

বাংলাদেশে আরো দুটি নতুন সেতু নির্মাণে চীন সরকার সহযোগিতা করবে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। বরগুনার আমতলী ও পটুয়াখালীর গলাচিপায় এই দুটি মৈত্রী সেতু হবে। গতকাল ২৬ আগস্ট বুধবার সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে সপ্তম বাংলাদেশ-চীন মৈত্রী সেতুর দায়িত্ব চীনের কাছে হস্তান্তরের পর মন্ত্রী সাংবাদিকদের এসব কথা বলেন। সূত্র- যায়যায়দিন (পৃ.৩,ক.৬), জনকণ্ঠ (পৃ.৩,ক.৩), নিউজ টুডে (পৃ.২,ক.১)।

৫। নিষিদ্ধ ওষুধ বাজারে পাওয়া গেলে কঠোর ব্যবস্থা

সম্প্রতি নিষিদ্ধ ঘোষিত ডায়াবেটিসের দুইটি ও প্যারাসিটামল কম্বিনেশনের একটি ওষুধ বাজারে পাওয়া গেলে সংশ্লিষ্ট দোকান মালিক ও উৎপাদনকারী কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন ওষুধ প্রশাসন অধিদপ্তরের মহাপরিচালক মেজর জেনারেল মোস্তাফিজুর রহমান। গতকাল ২৬ আগস্ট বুধবার ওষুধ প্রশাসন অধিদপ্তরের কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে তিনি এ কথা জানান। সূত্র- ইত্তেফাক (পৃ.১,ক.৩), সংবাদ (শেষ পৃ.,ক.৪), ডেইলি স্টার (শেষপৃ.,ক.২), ফিনানশিয়াল এক্সপ্রেস (শেষ পৃ.,ক.৪)।

৬। তথ্যপ্রযুক্তি আইনের ৫৭ ধারা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইনের ৫৭ ধারার বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট আবেদন দায়ের করা হয়েছে। রিটে ৫৭ ধারাকে অসাংবিধানিক ঘোষণার আবেদন জানানো হয়েছে। এতে বিবাদী করা হয়েছে আইন সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সচিবকে। গতকাল ২৬ আগস্ট বুধবার হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় রিটকারীর পক্ষে আবেদনটি দায়ের করেন আইনজীবী ব্যারিস্টার শিশির মো. মনির। সূত্র- ইত্তেফাক (পৃ.১,ক.৪), ইনকিলাব (পৃ.১,ক.৩), সংবাদ (পৃ.১,ক.১), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.১), নিউ নেশন (পৃ.১,ক.৬)। বাংলাদেশ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৭। চিনি আমদানিতে ২০ শতাংশ সংরক্ষণমূলক শুল্ক আরোপ

চিনি আমদানিতে ২০ শতাংশ সংরক্ষণমূলক শুল্ক আরোপ করেছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। একই

সঙ্গে পরিশোধিত ও অপরিশোধিত চিনি আমদানিতে টনপ্রতি ট্যারিফ মূল্য নির্ধারণ করে দেওয়া হয়েছে। গতকাল ২৬ আগস্ট বুধবার এ সংক্রান্ত দুটি প্রজ্ঞাপন জারি করেছে জাতীয় রাজস্ব বোর্ড। সূত্র-জনকণ্ঠ (পৃ.১৮,ক.১), সমকাল (পৃ.১,ক.১), ইত্তেফাক (পৃ.১৮,ক.৬), ফিনানশিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.৬)।

৮। বুড়িগঙ্গার পুরাতন চ্যানেলের জরিপ প্রতিবেদন দাখিলে হাইকোর্টের নির্দেশ

বুড়িগঙ্গার পুরাতন চ্যানেলের ওপর জরিপ করে প্রতিবেদন দাখিলের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। একই সঙ্গে নদীতে সীমানা পিলার স্থাপনের নির্দেশ দেওয়া হয়েছে। এক আবেদনের পরিপ্রেক্ষিতে গতকাল ২৬ আগস্ট বুধবার বিচারপতি মির্জা হোসাইন হায়দার ও বিচারপতি এ কে এম জহিরুল হকের সমন্বয়ে গঠিত বেঞ্চ এই নির্দেশ দেন। সূত্র-ইনকিলাব (পৃ.৫,ক.৫), সংবাদ (শেষ পৃ.,ক.১), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৫), ডেইলি স্টার (পৃ.৩,ক.৭)।

৯। সুন্দরবনে নদী-খালে বিষ দিয়ে মাছ শিকার : হুমকির মুখে বন্যপ্রাণী

সুন্দরবনের অভয়ারণ্যসহ আশপাশের বিভিন্ন নদী ও খালে নির্বিচারে বিষ প্রয়োগ করে মাছ শিকার করা হচ্ছে। এতে খালের বিষাক্ত পানি পান করে মাছ ও নানা বন্যপ্রাণি মারা যাচ্ছে বলে অভিযোগ উঠেছে। এছাড়া অপরিকল্পিতভাবে বাগদা ও গলদা চিংড়ি পোনার যথেচ্ছ আহরণে ধ্বংস হচ্ছে বিভিন্ন প্রজাতির মাছ। সূত্র- ইত্তেফাক ( শেষ পৃ.,ক.২)

১০। হজভিসা পেয়েছেন ৮০ হাজার বাংলাদেশি

এ বছর ৮০ হাজার বাংলাদেশিকে সৌদি আরব হজভিসা দিয়েছে বলে জানিয়েছেন বাংলাদেশে নিযুক্ত দেশটির নতুন রাষ্ট্রদূত আবদুল্লাহ এইচ এম আল মুতাইরি। গতকাল ২৬ আগস্ট বুধবার পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলীর সঙ্গে দেখা করে সামগ্রিক বিষয়ে তাদের অগ্রগতির কথা তুলে ধরেন তিনি। পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র- সমকাল (পৃ.২,ক.৩), যায়যায়দিন (শেষ পৃ.,ক.২), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৮), নিউজ টুডে (পৃ.১,ক.৮)।

১১। বিজিবি ক্যাম্পে ‘আরাকান আর্মি’র হামলা, গোলাগুলি : নায়েক গুলিবিদ্ধ, বান্দরবান সীমান্তে যৌথ অভিযান

বান্দরবান সীমান্তে বিজিবি ক্যাম্পে হামলা চালিয়েছে মিয়ানমারের ‘বিচ্ছিন্নতাবাদী’ সংগঠন ‘আরাকান আর্মি’র সশস্ত্র সদস্যরা। গতকাল ২৬ আগস্ট বুধবার সকালে জেলার দুর্গম থানচি উপজেলার রেমাক্রি ইউনিয়নের বড় মদক এলাকায় এই হামলার ঘটনা ঘটে। এসময় বিজিবি সদস্যরাও পাল্টা গুলি ছুঁড়ে। দুপুর পর্যন্ত উভয় পক্ষের মধ্যে গোলাগুলির ঘটনা ঘটে। এতে বড় মদক বিজিবি ক্যাম্পের নায়েক জাকির হোসেন গুলিবিদ্ধ হন। গুরুতর আহত অবস্থায় তাকে চট্টগ্রাম সম্মিলিত সামরিক হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ ঘটনায় আব্দুল গনি নামে অপর এক বিজিবি সদস্যও আহত হন। তবে ‘আরাকান আর্মি’র কেউ গুলিবিদ্ধ হওয়ার নিশ্চিত কোনো তথ্য মিলেনি। সূত্র- ইত্তেফাক , সংবাদ, জনকণ্ঠ, যুগান্তর, যায়যায়দিন, ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১২। বিভিন্ন স্থানে বন্যা পরিস্থিতির অবনতি : পানিবন্দি মানুষের দুর্ভোগ চরমে

গাইবান্ধা ও সিরাজগঞ্জসহ দেশের কয়েকটি স্থানে বন্যা পরিস্থিতির অবনতি হয়েছে। এসব এলাকায় বানভাসি মানুষের দুর্ভোগ চরমে উঠেছে। এছাড়া কুড়িগ্রাম ও জামালপুরে অপরিবর্তিত রয়েছে বন্যা পরিস্থিতি। অন্যদিকে বগুড়ায় বন্যা পরিস্থিতির উন্নতি হয়েছে বলে জানা গেছে। পদ্মা-যমুনায় পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। সূত্র- ইনকিলাব ( শেষপৃ.,ক.4) ইত্তেফাক ( শেষ পৃ.,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.২,ক.৫), নিউজ এজ (পৃ.১,ক.৩)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : সম্প্রতি দেশে একই দিনে দুই ট্রেন দুর্ঘটনা শুধু উদ্বেগজনক নয় বিস্ময়করও বলে মন্তব্য করে রেল কর্তৃপক্ষকে আরও দায়িত্বশীল হওয়ার আহ্বান;

খ. ইত্তেফাক, প্রথম আলো : উত্তরাঞ্চলে বন্যা পরিস্থিতির অবনতি হওয়ায় সরকারি বেসরকারি পর্যায়ে ত্রাণ সহযোগিতা বাড়ানোর পাশাপাশি বন্যার পরে বন্যা দুর্গতদের আর্থিকভাবে পুনর্বাসনের ব্যবস্থা নেওয়ার সুপারিশ;

গ. সংবাদ : অর্পিত সম্পত্তি আইন সংশোধনে ডিসিদের বিভিন্ন প্রস্তাবের সমালোচনা করে এ বিষয়ে আমলাদের দুরভিসন্ধি ও চক্রান্ত বন্ধ করার পদক্ষেপ নেওয়ার সুপারিশ;

ঘ. সমকাল : রাজধানীর বেইলি রোড ক্রসিং থেকে মালিবাগ পর্যন্ত ‘রাজপথে মৃত্যুফাদ’ শিরোনামের সচিত্র বিবরণের পরিপ্রেক্ষিতে রাজপথের গর্তগুলো অবিলম্বে বন্ধ করার ব্যবস্থা নেওয়ার প্রত্যাশা ব্যক্ত;

ঙ. যুগান্তর, ইনকিলাব : প্রাথমিক স্তরে শিক্ষার্থী ঝরে পড়ার কারণগুলো সমাধানে কার্যকর পদক্ষেপ গ্রহণ করে শিক্ষার্থী ঝরে পড়া ঠেকানোর আহ্বান;

চ. ভোরের কাগজ : রাজধানীর প্রধান লেক জলাধারগুলো সংরক্ষণে কড়াকড়ি ব্যবস্থা নেওয়ার সুপারিশ;

ছ. ডেইলি স্টার : চীনের বাণিজ্যমন্ত্রী গাও হুচেং বাংলাদেশ সফরকালে এদেশের অর্থনীতিতে যে বিশাল আকারের অর্থ বিনিয়োগের ইচ্ছা প্রকাশ করেছেন সেটিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে চট্টগ্রামে চীনা অর্থনৈতিক জোন তৈরির জন্য প্রয়োজনীয় জমি বরাদ্দের বিষয়ে সরকারকে আন্তরিক হওয়ার আহ্বান;

জ. ইন্ডিপেনডেন্ট : সড়ক ও জনপথে চলাচলকারী নাগরিকরা নিরাপদে চলাচল করার অধিকার রাখলেও তাদের দেওয়া ট্যাক্স

রাস্তাগুলোর বেহাল দশা কমানোর জন্য মেরামতকাজে যথাযথভাবে ব্যবহৃত হচ্ছেনা উল্লেখ করে সড়ক সংস্কারকাজে বরাদ্দকৃত অর্থের সঠিকভাবে ব্যবহারের জন্য ২০১৩ সালের সড়ক মেরামত তহবিল আইন -এর ১২ ধারা কঠোরভাবে প্রয়োগ করার সুপারিশ;

ঝ. ডেইলি সান : বাংলাদেশ মিয়ানমার দুটি প্রতিবেশী রাষ্ট্র হলেও দু'দেশের মধ্যে বিদ্যমান সম্পর্ক সন্তোষজনক নয় বলে সম্প্রতি জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটিতে পাশ হওয়া বাংলাদেশ-মিয়ানমার মৈত্রী সড়ক দু'দেশের সম্পর্ক উন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখবে বলে আশা প্রকাশ;

ঞ. নিউজ টুডে : তামাক চাষ ক্রমবর্ধমান হারে বেড়ে যাওয়ায় তা পরিবেশ, খাদ্য নিরাপত্তা, মাটির উর্বরতা, জনস্বাস্থ্যের জন্য বিরাট হুমকি উল্লেখ করে তামাক চাষ নিরুৎসাহিত করতে খাদ্যশস্য উৎপাদনকারী কৃষকদের বিকল্প কর্মসংস্থান, প্রণোদনা প্রদানসহ বিনাসুদে কৃষি ঋণ প্রদানের আহ্বান;

ট. ফিনানশিয়াল এক্সপ্রেস : দেশীয় মেধাধী উদ্ভাবকদের দ্বারা উদ্ভাবিত ক্ষুদ্র পরিসরে যন্ত্র প্রকৌশল কাজে লাগিয়ে বিভিন্ন ধরনের যন্ত্রপাতি উদ্ভাবনে প্রশাসনিক ও অর্থনৈতিক সাহায্য প্রদান করে এ শিল্পকে লাভজনক করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

### উপ-সম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে বিচারবহির্ভূত হত্যাকাণ্ড অনিয়ন্ত্রিত আইন শৃঙ্খলা পরিস্থিতিকে দ্রুত নিয়ন্ত্রণে আনার 'সহজ' ব্যবস্থা হলেও এই ব্যবস্থা আখেরে ফল দেয় না, বরং উল্টো বড় বিপদ হয়ে দেখা দেয় বলে উল্লেখ করা হয়েছে।

### নিবন্ধ ও ফিচার

'প্রথম আলো' পত্রিকায় প্রকাশিত '৫৭ ধারা বাতিলে দাবি এবং' শিরোনামের নিবন্ধে মশিউল আলম তথ্য ও যোগাযোগ-বিষয়ক সব আইনকে হতে হবে সংবিধানের ৩৯ অনুচ্ছেদের সঙ্গে সম্পূর্ণভাবে সামঞ্জস্যপূর্ণ, যেখানে প্রত্যেক নাগরিকের 'চিন্তা ও বিবেকের স্বাধীনতা' দেওয়া হয়েছে নিরঙ্কুশভাবে, কোনো পরিস্থিতি বা শর্তের সাপেক্ষে নয় বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/খোরশেদ/২০১৫/৯.০০ ঘণ্টা